

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) পিপিআর-২০০৮ এর কপি।
- ৩) স্থানীয় সরকার বিভাগ এর মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
- ৪) প্রাক্কলন।

বিষয় পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলার মাঠ, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসংগে।


১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলার ঈদের নামাজ এবং নামাজ শেষে ঈদ মিছিল করে সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণ মানিক মিয়া এভিনিউ এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে দুই দিন ব্যাপি ঈদ মেলার আয়োজন করা হয়েছে। বর্ণিত স্থান সমূহে ঢাকা ওয়াসা হতে বিশুদ্ধ খাবার পানি ও ওষুধানায় পর্যাপ্ত পরিমাণে পানি সরবরাহের জন্য স্থানীয় সরকার বিভাগ এর মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে উল্লেখ করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্র:)। সেপ্রেক্ষিতে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলার মাঠ, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য পিভিসি পানির ট্যাংক লাগানোর জন্য ভিনাইল স্টিকার তৈরী, ডিসপজেন্স পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। এছাড়াও পানির ট্যাংক খেঁত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং রমজান মাস শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত নিয়ে আসার শমিক নিয়োজিত করা প্রয়োজন।


২। উপরিউক্ত বর্ণনার আলোকে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলার মাঠ, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ পিভিসি ট্যাংক স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২৪,২৫০/- (চব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র (ক্রমিক নং-৪ দ্র:)। পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদন করা যেতে পারে। আলোচ্য খরচ ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত এর ক্রমিক নং- B-6.2(36) হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ব্যয় অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলীর” মহোদয়ের আওতাধীন।


৩। এমতাবস্থায়, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলার মাঠ, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।


- ক) সর্বমোট উপস্থাপিত ৳২৪,২৫০/- (চব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা খরচের অনুমোদন,
- খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য খরচ মডুস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত এর ক্রমিক নং- B-6.2(36) হতে নির্বাহ করার অনুমোদন।


উপর্যুক্ত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৩
ঢাকা ওয়াসা


মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডুস জোন-৩, ঢাকা ওয়াসা।


27.3.25


SE(mods/cinc-3)


08/04/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১ ঢাকা ওয়াসা।


৪৪
অনুমোদিত
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।
02/08
2026